# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**22-04-2026** **Time: 1.40 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য বিধানসভার নির্বাচনে, প্রথম দফার ভোট গ্রহণ আগামীকাল। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ। ১৬ টি জেলার ১৫২ টি আসনে এক হাজার ৪৭৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারন করবেন ৩ কোটি ৬০ লক্ষেরও বেশি ভোটদাতা।

২) সুপ্রিম কোর্টের নির্দেশে, প্রথম দফার ভোটের একদিন আগে আজ ভোররাতে প্রকাশ করা হল আপিলেট ট্রাইব্যুনালের মাধ্যমে নিষ্পত্তি হওয়া অতিরিক্ত ভোটার তালিকা।

৩) রাজ্যে প্রথম দফার ভোটের আগে সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ নিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রার্থীদের আচরণবিধি নিয়ে স্পষ্ট নির্দেশ জারি করেছে।

৪) এদিকে দ্বিতীয় দফার ভোটের জন্য প্রচার চলেছে জোরকদমে।

৫) আর্থিক দুর্নীতির একাধিক মামলায় ইডির তলবে বসিরহাটের প্রাক্তন সাংসদ অভিনেত্রী নুসরত জাহান সল্টলেকে সিজিও কমপ্লেক্সে হাজিরা দিয়েছেন।

৬) এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আগামী ১৪ মে প্রকাশিত হতে চলেছে।

---

রাজ্য বিধানসভার নির্বাচনে, প্রথম দফার ভোট গ্রহণ আগামীকাল। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ। ১৬ টি জেলার ১৫২ টি আসনে এক হাজার ৪৭৮ জন প্রার্থীর

রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হবে। ভোটদাতা রয়েছেন তিন কোটি ৬০ লক্ষ ৭৭ হাজারের কিছু বেশী। তবে, অ্যাপিলেট ট্রাইবুনালে আবেদনকারীদের নামে ছাড়পত্র মেলার পর ভোটদাতার সংখ্যা কিছু পরিবর্তন হতে পারে। ভোটকর্মীরা ইতমধ্যেই তাঁদের নির্বাচনী কেন্দ্রে রওনা দিয়েছেন।

উত্তরবঙ্গের পাহাড়ি এলাকায় যেসব কেন্দ্রে মোবাইল নেটওয়ার্ক পাওয়া যায়না, সেখানে স্যাটেলাইট ফোনের ব্যবস্থা করা হয়েছে। বিজনবাড়ি ব্লকের অধীন সামডেন ফরেস্ট প্রাথমিক স্কুলে ভোট কেন্দ্রে যেতে প্রায় ১৫/১৬ ঘন্টা আগেই রওনা হয়েছেন কর্মীরা।

জলপাইগুড়ির ৭'টি বিধানসভা আসনেও আগামীকালের ভোট গ্রহণের জন্য ভোটকর্মীরা ইতমধ্যেই রওনা দিয়েছেন। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন-

( ভিসি- চন্দনা)

কোচবিহারে ৯'টি বিধানসভা কেন্দ্রে আগামীকালের ভোট গ্রহণে মোট বুথের সংখ্যা- ২'হাজার ৫৩৭। সহায়ক বুথ রয়েছে ১৩৭ টি। জেলায় এবার মহিলা বুথের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়ে হয়েছে ৫০০ । অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে ১৫৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি, থাকছে প্রায় ১০ হাজার রাজ্য পুলিশ। কোচবিহারে সাড়ে ১২ হাজারের'ও বেশী ভোট কর্মী রয়েছেন এবারের নির্বাচনে। এদের মধ্যে প্রায় আড়াই হাজার মহিলা ভোট কর্মী।

এদিকে, জেলার বিভিন্ন বুথে যাওয়ার জন্য আজ গাড়ি না পাওয়ার অভিযোগ করেছেন ভোট কর্মীরা। মাথাভাঙ্গা কোচবিহার রাজ্য সড়কের কলেজ মোড় এলাকায় পথ অবরোধ করে বিক্ষোভ দেখান তারা। প্রায় ৩০ মিনিট এই অবরোধ চলে। পরে

মাথাভাঙ্গা থানার আই সি শুভজিত ঝা-এর নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তাঁদের আশ্বাসে অবরোধ তুলে নেন ভোট কর্মীরা। তাঁদের জন্য গাড়ির ব্যবস্থা করা হয়।

বীরভূমেও ভোটকর্মীরা নলহাটি, রামপুরহাট রুটে বাস না পেয়ে জেলা সদর সিউড়িতে আজ বিক্ষোভ দেখান। শ্রীরামকৃষ্ণ শিল্প বিদ্যাপীঠ কলেজের সামনে জাতীয় সড়ক অবরোধ করেন তারা। পরে প্রশাসনের আশ্বাসে অবরোধ উঠে যায়।

--------------

উত্তর দিনাজপুর জেলায় মোট ভোটদাতার সংখ্যা ১৯ লক্ষ ৬৮ হাজার ৯৭৪। ভোটগ্রহণের জন্য জেলায় মোট ২৩৫৬টি পোলিং বুথ তৈরি করা হয়েছে। বিভিন্ন বুথের উদ্দেশে আজ সকাল থেকেই রওনা দিচ্ছেন ভোটকর্মীরা। কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের কড়া নজরদারিতে চলেছে ভোট প্রস্তুতি।

ভোটকর্মীদের সুবিধার জন্য ডিআইসিআরসি-তে ব্যবস্থা করা হয়েছে পানীয় জল, বিশ্রামাগার, চিকিৎসা সহায়তা সহ একাধিক পরিষেবা। গরমের কথা মাথায় রেখে বিশেষ সতর্কতাও নেওয়া হয়েছে। প্রবীণ ও বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য আলাদা সুবিধা, পানীয় জল, শৌচাগার ও বিশ্রামের ব্যবস্থাও রাখা হয়েছে।

-------------

SIR-এর আবহে মুর্শিদাবাদে সব থেকে বেশি নাম বাদ গেছে। জেলার ২২ টি বিধানসভা কেন্দ্রে আগামীকাল ভোটগ্রহণের জন্য চূড়ান্ত প্রস্তুতি চলেছে। ভোট কর্মীরা ইতমধ্যেই রওনা দিইয়েছেন বিভিন্ন ভোট গ্রহণ কেন্দ্রে। আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুকের একটি প্রতিবেদন-

( ভিসি- মামুন )

মালদায় ১২ টি বিধানসভা আসনের জন্য মালদা কলেজ, মালদা পলিটেকনিক কলেজ এবং চাঁচল সিদ্ধেশ্বরী স্কুলে তিনটি DCRC সেন্টারে ভোটকর্মীদের চূরান্ত ব্যাস্ততা চলেছে।

পুরুলিয়া জেলার ৯'টি বিধানসভা আসনে আগামীকাল ভোট নেওয়া হবে। ভোটের প্রস্তুতি সম্পর্কে আমাদের জানাচ্ছেন, সংবাদদাতা অনির্বাণ বন্দ্যোপাধ্যায়।

( ভিসি- অনির্বাণ)

পূর্ব মেদিনীপুরের ১৬ টি বিধানসভা আসনে অশান্তিপ্রবণ বুথের সংখ্যা, সবচেয়ে বেশী নন্দীগ্রামে- ৬৫ । জেলার ওড়িশা সীমান্তবর্তী এলাকায় এবং জলপথে হাওড়া ও দক্ষিণ ২৪ পরগনার সঙ্গে যুক্ত ফেরিঘাটগুলিতে চেকিং ও বিশেষ নজরদারি চালাচ্ছে পুলিশ ও সেনাবাহিনী। জেলার বিভিন্ন জায়গায় চলছে নাকা চেকিং। পর্যটন কেন্দ্র দীঘা তাজপুর মন্দারমণির হোটেলগুলিতে ভিন জেলার ও ভিন রাজ্যের মানুষ থাকার উপর নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন। ভোটারদের ভরসা দিতে জেলা জুড়ে দিন-রাত চলছে সেনাবাহিনীর রুট মার্চ।

পশ্চিম বর্ধমান জেলায় ৯ টি বিধানসভায় ভোটগ্রহণের জন্য এখন সাজো সাজো রব। মোট ২ হাজার ৫৮৮টি ভোটগ্রহণ কেন্দ্রের মধ্যে রয়েছে ৮৪টি অতিরিক্ত ভোটগ্রহণ কেন্দ্র। সবচেয়ে বেশী কেন্দ্র থাকছে আসানসোল দক্ষিণ ও দুর্গাপুর-পশ্চিম কেন্দ্রে- ৩১৫টি। মোট ভোটার ১৯ লক্ষ ৬৫ হাজার ৯৫ জন। প্রতিটি কেন্দ্রে ১০০ শতাংশ ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা থাকছে। বসানো হয়েছে ৫ হাজার ৪৫৫টি ক্যামেরা, যার মধ্যে সবচেয়ে বেশী ৭০৩টি ক্যামেরা থাকছে দুর্গাপুর-পূর্ব কেন্দ্রে। ভোটের দিন কন্ট্রোল রুম

থেকে ওয়েবকাস্টিং তদারকির জন্য মাইক্রো অবজারভার নিয়োগ এবং ১২৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। তবে, কোনো সিভিক ভলান্টিয়ার বা গ্রিন পুলিশ নিয়োগ করা হবে না বলে জানিয়েছে জেলা প্রশাসন।

বাঁকুড়া জেলার ১২ টি বিধানসভা কেন্দ্রে কাল ভোটগ্রহণ। জেলায় খোলা হয়েছে নয়টি ডিস্ট্রিবিউশন সেন্টার। রয়েছে ৩৬৪৩ টি ভোট কেন্দ্র। কড়াকড়ি নিরাপত্তা ব্যবস্থা থাকায় ভোটকর্মীরা স্বস্তিতে রয়েছেন বলে জানিয়েছেন।

--------------

রাজ্যে বিধানসভা নির্বাচন দেখতে আজ উত্তরবঙ্গের শিলিগুড়িতে এসেছেন নামিবিয়া, সুইজারল্যান্ড, জর্জিয়া এবং নেপাল থেকে আগত একটি বিদেশিদের প্রতিনিধিদল। শিলিগুড়িতে ডিসিআরসি সেন্টার পরিদর্শন করে তাঁরা ভোট সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখেন। সেই সঙ্গে ওই প্রতিনিধি দল ভারতে কীভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে ভোটগ্রহণ সম্পন্ন হয় এবং প্রশাসনিক কাঠামো কীভাবে ভোট পরিচালনা করে, সেই বিষয়গুলি পর্যবেক্ষণ করছেন।

এই প্রতিনিধিদল আগামীকাল নির্বাচনের দিন, দার্জিলিংয়ের বিভিন্ন সমতল ও পাহাড়ি এলাকার ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শনে যাবেন। ইতিমধ্যেই বিভিন্ন জায়গায় ঘুরে তাঁরা ছবি তুলছেন এবং স্থানীয়দের সঙ্গেও কথা বলছেন।

-------------

সুপ্রিম কোর্টের নির্দেশে, প্রথম দফার ভোটের একদিন আগে আজ ভোররাতে প্রকাশ করা হল আপিলেট ট্রাইব্যুনালের মাধ্যমে নিষ্পত্তি হওয়া অতিরিক্ত ভোটার তালিকা। নির্বাচন কমিশন জানিয়েছে, ট্রাইব্যুনালে যেসব ভোটারের নাম নিয়ে আপত্তি বা

সংশোধনের আবেদন ছিল, সেগুলির নিষ্পত্তির ভিত্তিতেই এই তালিকা। যাঁরা তালিকায় যুক্ত হয়েছেন, তাঁরা প্রথম দফার ভোটে অংশ নিতে পারবেন। তবে কমিশনের তরফে এখনও সরকারিভাবে কোনো পরিসংখ্যান দেওয়া হয়নি।

উল্লেখ্য, আজ একসঙ্গে দু'টি তালিকা প্রকাশ করেছে কমিশন - একটি অ্যাডিশন বা নতুন সংযোজন এবং অন্যটি ডিলিশন বা বাতিল। ফলে কোন্ ভোটারের নাম যুক্ত হল বা বাদ গেল, তা স্পষ্টভাবে বোঝা যাবে।

--------------

রাজ্যে প্রথম দফার ভোটের আগে সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রার্থীদের আচরণবিধি নিয়ে স্পষ্ট নির্দেশ জারি করেছে। ভোটের দিন সকাল ছটা থেকে ভোট শেষ না হওয়া পর্যন্ত কোনও প্রার্থীই নিজের বিধানসভা এলাকা ছেড়ে বেরোতে পারবেন না বলে জানানো হয়েছে। প্রত্যেক প্রার্থীকে নিজের কেন্দ্রের মধ্যেই থাকতে এবং ভোট চলাকালীন পরিস্থিতির উপর নজর রাখতে বলা হয়েছে।

একই সঙ্গে কমিশন স্পষ্ট করে দিয়েছে, ভোটের দিন কোনও ধরনের বিশৃঙ্খলা সৃষ্টি, উত্তেজনা ছড়ানো বা গোলমালের মধ্যে জড়ানো সম্পূর্ণভাবে নিষিদ্ধ। আইনশৃঙ্খলা বজায় রাখা এবং ভোট প্রক্রিয়াকে নির্বিঘ্ন রাখতে প্রার্থীদের দায়িত্বশীল ভূমিকা গ্রহণের উপর জোর দেওয়া হয়েছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, প্রতিটি প্রার্থীকে নিশ্চিত করতে হবে যাতে ভোটদাতারা অবাধে, ভয়মুক্ত পরিবেশে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন। গণতান্ত্রিক প্রক্রিয়াকে সুরক্ষিত রাখতে প্রার্থীদের সক্রিয় সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও জানানো হয়েছে।

--------------

বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের আগে গতরাতে পূর্ব বর্ধমান জেলায় বড়সড় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ মদ উদ্ধার করেছে আবগারি দফতর। জেলা আবগারি সুপারের নেতৃত্বে চালানো এই অভিযানে প্রায় ২৫ লক্ষ টাকার মদ বাজেয়াপ্ত করা হয়েছে।

অন্যদিকে হুগলী জেলার পান্ডুয়ায় পুলিশ প্রচুর বে আইনি বাজি উদ্ধার করেছে। পাণ্ডুয়া থানার বেলুন ধামাসিন পঞ্চায়েতের কান্তানগর কালভার্ট সংলগ্ন একটি পরিত্যক্ত বাড়ি থেকে ৬৫ কেজি বাজি পেয়েছে পুলিশ।

--------------

উত্তর চব্বিশ পরগণার হিঙ্গলগঞ্জের কনকনগর এলাকায় ভোটারদের টাকা বিলি করার অভিযোগে অসমের প্রাক্তন বিধায়ক কিশোর নাথ ও স্থানীয় বিজেপি নেতা তরুণ মণ্ডলকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে গেছে পুলিশ। বিজেপি প্রার্থী রেখা পাত্রের হয়ে প্রচারে এসেছিলেন কিশোর নাথ। তখনই স্থানীয়দের টাকা বিলির অভিযোগ ওঠে। ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

--------------

বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের জন্য প্রচারাভিযান গতসন্ধ্যায় শেষ হয়েছে। এখন চলছে সাইলেন্স পিরিয়ড।

এদিকে, দ্বিতীয় দফায় সাতটি জেলার ১৪২ টি আসনে আগামী ২৯ শে এপ্রিলের ভোটগ্রহণের জন্য জোরকদমে চলেছে প্রচার।

বরিষ্ঠ **বিজেপি** নেতা, কেন্দ্রীয় **স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ** আজ দলীয় প্রার্থীদের সমর্থনে উত্তর ২৪ পরগনার দমদম ও হাবরা এবং হুগলির সপ্তগ্রামে জনসভা করবেন। বিকেলে

দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে এক রোড শোয়ে অংশ নেওয়ার কথা তার। নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে তিনি গতরাতে কলকাতায় পাঁচটি সাংগঠনিক বিভাগে **১৩** টি জেলার কর্মী ও প্রবাসী কার্যকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।

আর এক বিজেপি নেতা ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ কলকাতার জোড়াসাঁকোতে মানিকতলা,এন্টালি, জোড়াসাঁকো সহ কয়েকটি কেন্দ্রের বিজেপি প্রার্থীদের সমর্থনে এক জনসভা করেন। তিনি অভিযোগ করেন,বাংলায় অরাজকতা চলছে। একসময় ভিন রাজ্যের মানুষ এরাজ্যে কর্মসংস্থানের জন্য আসত। সেই রাজ্য থেকে আজ একের পর এক শিল্প চলে গেছে এবং যুবসমাজ কাজের সন্ধানে ভিন রাজ্যে যেতে বাধ্য হয়েছে।

দলের আর এক নেতা নেতা, আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা প্রচারে সামিল হচ্ছেন পূর্ব বর্ধমানের কালনা ও উত্তর ২৪ পরগণার বনগাঁ-দক্ষিণ কেন্দ্রে। বিকেলে বর্ধমানে রোড শো-এ ও অংশ নেবেন তিনি।

**তৃণমূল কংগ্রেস** নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জী, আজ উত্তর ২৪ পরগণার আমডাঙ্গা, হুগলীর হরিপালে জনসভা করবেন। বিকেলে তাঁর হাওয়ার সংকর মঠ থেকে ক্যারি রোড পর্যন্ত এক পদযাত্রায় অংশগ্রহণেরও কর্মসূচী রয়েছে।

দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, দুই ২৪ পরগণায় বিভিন্ন কর্মসূচীতে অংশ নেবেন।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, আজ মহেশতলায় একটি রোড শো করবেন। বরানগরে জনসভায় যোগ দেবেন দলের প্রবীন নেত্রী বৃন্দা কারাত।

ISF এবং কংগ্রেস সহ অন্য রাজনৈতিক দলের পক্ষেও প্রচার চালানো হচ্ছে।

এদিকে, লোকসভায় বিরোধী দলনেতা, **কংগ্রেসের রাহুল** গান্ধীকে প্রশাসন শ্রীরামপুর ও মেটিয়াবুরুজে জনসভা করার অনুমতি দেয়নি বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর

সরকার অভিযোগ করেছেন। এরাজ্যে শ্রী গান্ধীর সভাগুলিতে জনতার উপস্থিতি দেখে প্রশাসন ভয় পেয়েছে বলে গতকাল মন্তব্য করেন তিনি।

--------------

নির্বাচন কমিশন আদালতে জানিয়েছে, গোপন রিপোর্টের ভিত্তিতেই তৃণমূল নেতাকর্মীদের তালিকা তৈরি করা হয়েছে, গ্রেফতার করা উদ্দেশ্যে নয়। সমস্যা হলে ব্যাবস্থা নেওয়ার আগাম উদ্যোগ হিসাবেই এই পদক্ষেপ করেছে বলে কমিশনের পক্ষ থেকে আজ আদালতে জানানো হয়েছে।

৮০০ র বেশি তৃণমূল নেতা কর্মীকে গ্রেফতার করা হতে পারে নির্বাচনের মুখে এই আশঙ্কায় দায়ের করা জনস্বার্থ মামলার শুনানিতে প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে এদিন এই বক্তব্য জানিয়েছেন নির্বাচন কমিশনের আইনজীবী দামা শেষাদ্রি নাইডু। তিনি আরও জানিয়েছেন, যদি শান্তিপূর্ণ নির্বাচনের পথে কেউ বাধা হয় তখন প্রয়োজনে ব্যাবস্থা নিতে বলা হয়েছে।

--------------

কবি শ্রীজাত বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা নিয়ে সংবাদ মাধ্যমের একাংশে অসত্য খবর পরিবেশন করা হচ্ছে বলে জানিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। সামাজিক মাধ্যমে তারা জানায়, এই ধরনের খবর শুধু বিভ্রান্তিকরই নয়, গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে জনমানসে হেয় করার প্রচেষ্টার সামিল। এই ধরনের অসত্য ও ভুয়ো তথ্য পরিবেশন করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে।

-------------

আর্থিক দুর্নীতির একাধিক মামলায় ইডি আজ বসিরহাটের প্রাক্তন সাংসদ অভিনেত্রী **নুসরত জাহানকে** তলব করে। তিনি ইতমধ্যেই সল্টলেকের CGO কমপ্লেক্সে হাজিরা দিয়েছেন বলে জানা গেছে। সঙ্গে আছেন অভিনেতা যশ দাশগুপ্ত। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

উল্লেখ্য, এর আগেও বসিরহাটের প্রাক্তন সাংসদকে দপ্তরে ডেকে জিজ্ঞাসাবাদ করে কেন্দ্রীয় সংস্থা।

--------------

এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আগামী ১৪ মে প্রকাশিত হতে চলেছে। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি পার্থ কর্মকার একথা জানান।

উল্লেখ্য, এবারই প্রথম সেমিস্টার পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেওয়া হয়। চতুর্থ সেমিস্টারে মোট নথিভুক্ত পরীক্ষার্থী ছিলেন ৭ লক্ষ ১০ হাজার ৯২০ জন। ১৫ হাজার ৭৩৯ জন অনুপস্থিত ছিলেন। সেপ্টেম্বর মাসে তৃতীয় সেমিস্টারের পরীক্ষা নেওয়া হয়। অক্টোবরে হয় তার ফল প্রকাশ। এই তৃতীয় ও চতুর্থ সেমিস্টারের প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতেই পূর্ণাঙ্গ মেধাতালিকা তৈরি ও পাশফেল নির্ধারিত হবে।

উল্লেখ্য এবার চতুর্থ সেমিস্টারের পরীক্ষা নেওয়া ১২ থেকে ২৭ শে ফেব্রুয়ারি। পরীক্ষা শেষে ৭৬ দিনের মাথায় এই ফল ঘোষণা করা হবে।

সামগ্রিকভাবে প্রশ্নপত্র নিয়ে তেমন কোনও অভিযোগ ওঠেনি। তবে অঙ্ক পরীক্ষায় কিছু প্রশ্ন সিলেবাস বহির্ভূত হওয়ায় উত্তর দিলেই পরীক্ষার্থীদের নম্বর দেওয়া হবে বলে সংসদ জানিয়েছিল।

--------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গণতন্ত্রের বৃহত্তম উৎসব'। নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগীর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------- -------------